

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
Web: mcpmp.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য কর্মসূচিভূক্ত চুয়াডাঙ্গা সদর উপজেলার জানুয়ারি-২০২৬ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় মাসে মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ২৭.৫২ লক্ষ টাকা। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে যোগাযোগে এই খেলাপী বৃদ্ধির কারণ এবং তা আদায় না হওয়ার যৌক্তিক জবাব পাওয়া যায়নি। এহেন পরিস্থিতিতে উপজেলার খেলাপী ঋণ সরেজমিনে যাচাই/তদন্ত করা প্রয়োজন বিবেচনায় বিআরডিবি, চুয়াডাঙ্গা সদর উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র যাবতীয় আর্থিক কার্যক্রম সঠিকভাবে যাচাই/ তদন্ত করার নিমিত্ত নিম্ন উল্লেখ্য ২ (দুই) সদস্য বিশিষ্ট একটি যাচাই/ তদন্ত কমিটি গঠন করা হলো:

কমিটি:

১। জনাব মোঃ রাহিদুল কবির, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: যশোর-----আহুয়াক।

২। জনাব মীর আসাদ আলী, শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: কুষ্টিয়া-----সদস্য।

কমিটির কার্যপরিধি:


(১) কমিটি সংযুক্ত ছক-'ক' (সদস্যওয়ারী ডিটেইল লিস্ট) অনুসারে সরেজমিনে সদস্যদের বাড়িবাড়ি/ এলাকায় গমনপূর্বক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক সকল দলের ঋণ বিতরণী সনদের কপি, সাপ্তাহিক/ মাসিক আদায় শীটের কপি এবং প্রয়োজনে ঋণ নথি/ দলের সংগঠনিক নথি তদন্ত কমিটিকে সরবরাহ করবেন।

(২) ছক-'ক' এর তথ্য সংগ্রহ শেষে কমিটি সংযুক্ত ছক-'খ' (দলভিত্তিক/সমিতিভিত্তিক ডিটেইল লিস্ট) প্রণয়ন করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে সংরক্ষিত ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি ও ব্যাংক স্টেটমেন্ট এর সঙ্গে উহা মিলকরণ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক উপজেলার ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি এবং সংশ্লিষ্ট ব্যাংক স্টেটমেন্ট তদন্ত কমিটির নিকট উপস্থাপন/ সরবরাহ করবেন। কমিটি প্রয়োজনে উহার ফটোকপি সংশ্লিষ্ট প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।

(৩) ছক-'ক' এবং ছক-'খ' এর তথ্য যাচাই প্রেক্ষিতে উপজেলায় কোন হস্তমজুদ/ আত্মসাৎ বা ঋণ বিতরণে কোন অনিয়ম আছে কি না তা কমিটি কর্তৃক যাচাই করতে হবে। এ ধরনের কোন তথ্য উদঘাটিত হলে তার জন্য কে কে দায়ী এবং কতটুকু দায়ী তা কমিটি প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।

(৪) আগামী ১০ কার্যদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় এ যাচাই/ তদন্ত কার্যক্রম সম্পন্নপূর্বক প্রণীত প্রতিবেদন কর্মসূচী দপ্তরে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, এ তদন্ত কাজের বিপরীতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় টিএ/ ডিএ এবং অন্যান্য ব্যয় কর্মসূচি হতে নির্বাহ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।



২৪-০২-২০২৬

মোঃ তাফজেল হোসেন

কর্মসূচি পরিচালক

ফোন : ০২৫৫০১১৭৪৯

ইমেইল : pdmcpmp@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩৪/১ (৮)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, চুয়াডাঙ্গা।
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কুষ্টিয়া।
- ৩। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, যশোর।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৫। জনাব মোঃ রাহিদুল কবির, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: যশোর।
- ৬। জনাব মীর আসাদ আলী, শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: কুষ্টিয়া।
- ৭। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
- ৮। অফিস, নথি।



M.A.A.

২৪-০২-২০২৬

মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক